



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

4 NOVEMBER 2025

7:35 AM IST

=====

রাজ্যে আত্ম-সহায়ক গোষ্ঠী গঠন হবার পর মহিলারা আর্থিক লেনদেনের ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন করে বিভিন্ন কাজকর্মে স্বাবলম্বী হয়ে উঠেছেন এবং মহিলারা কর্মপ্রেরণার মাধ্যমে কর্ম সংস্কৃতির সৃষ্টি করছেন বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । গতকাল শোণিতপুর জেলার জামুগুড়িহাটে আয়োজিত মুখ্যমন্ত্রীর মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে প্রথম পর্যায়ের অর্থের চেক বিতরণ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা একথা বলেন ।

মুখ্যমন্ত্রী আরো বলেন যে সমাজে মহিলারা গৌরবের সঙ্গে থাকতে পারে ন , সেই সমাজ এগিয়ে যেতে পারে । পরে মুখ্যমন্ত্রী গহপুরের প্রস্তাবিত শহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের আধারশিলা স্থান পরিদর্শন করেন ।

উল্লেখ্য কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আগামী ৮ই নভেম্বর শহীদ কনকলতা রাজ্য বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

স্নাতক যুবক যুবতীদের সহায়তা করার উদ্দেশ্যে দক্ষতা , নিয়োগ ও উদ্যমিতা বিভাগের উদ্যোগে গতকাল মুখ্যমন্ত্রীর জীবন প্রেরণা

প্রকল্পের সূচনা করা হয়েছে। মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল দিসপুর লোকসেবা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে জীবন প্রেরনা প্রকল্পের উদ্বোধন করেন। অনুষ্ঠানে দক্ষতা, নিয়োগ ও উদ্যমিতা বিভাগের মন্ত্রী প্রশান্ত ফুকনও উপস্থিত ছিলেন। এই প্রকল্পের মাধ্যমে চাকুরীর সন্ধানে থাকা যুবক যুবতীদের বিভিন্ন পরীক্ষার প্রস্তুতি সহ অন্যান্য ক্ষেত্রে সহায়তা করার জন্য আগামী একবছর প্রতিমাসে দুহাজার ৫০০ টাকা করে আর্থিক সাহায্য প্রদান করা হবে। রাজ্য বা কেন্দ্রীয় সরকারের শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২৫ সালে স্নাতক ডিগ্রী লাভ করা যুবক যুবতীরা এই প্রকল্পের জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থীদের আসামের স্থায়ী বাসিন্দা হতে হবে।

শ্রীভূমি জেলায় প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার অধীনে নতুন রান্নার গ্যাস সংযোগ প্রদান প্রক্রিয়া আরো সহজ ও কার্যকর করার বিষয় নিয়ে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় প্রকৃত হিতাধিকারী নির্বাচনে স্বচ্ছতা বজায় রেখে যোগ্য প্রতিটি পরিবারকে রান্নার গ্যাসের সংযোগ প্রদান করার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। সভায় সহকারী আয়ুক্ত আলমগীর লস্কর সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন।

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনী যাত্রীদের সুরক্ষা এবং মানব পাচার প্রতিরোধে অভিযান অব্যাহত রেখেছে। সুরক্ষা বাহিনীর উদ্যোগে গত ২৫শে সেপ্টেম্বর থেকে ৩০শে অক্টোবরের মধ্যে সীমান্ত রেলের অধীন বিভিন্ন স্টেশনে অভিযান চালিয়ে ১০ জন নাবালক শিশুকে উদ্ধার করেছে যার মধ্যে ৭টি ছেলে এবং ৩ টি মেয়ে শিশু রয়েছে। রেলওয়ে সুরক্ষা বাহিনীর পক্ষ থেকে উদ্ধার করা শিশুদের পরবর্তী নিরাপদ আশ্রয়ের জন্য চাইল্ড লাইন কর্তৃপক্ষের কাছে সমঝে দেওয়া হয়েছে।

কাছাড় জেলার ঐতিহ্যবাহী শিলকুড়ির বরমবাবার পূজা ও মেলা আজ থেকে শুরু হচ্ছে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত বরমবাবার পূজা ও মেলা চলবে। বরমবাবা মন্দির পরিচালন কমিটির সভাপতি ডি এন সিং আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন যে আজ শিলচর ভারত সেবাশ্রম সংঘের প্রধান গুনসিঙ্কু মহারাজ মেলার উদ্বোধন করবেন। এছাড়া রাজ্যের শ্রমমন্ত্রী রূপেশ গোয়ালা মন্দির প্রাঙ্গণে নব নির্মিত কমিউনিটি হলের উদ্বোধন করবেন। উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই, তিন সাংসদ পরিমল শুর্কবৈদ্য, কনাদ পুরকায়স্থ ও কৃপানাথ মালা, জেলা আয়ুক্ত মৃদুল যাদব, প্রবীণ পুলিশ সুপার পার্থ প্রতিম দাস প্রমুখ উপস্থিত থাকবেন। কমিটির সভাপতি শ্রীসিং আরো জানান যে মেলায় মাছ, মাংস, ডিম ও মদের বিক্রি সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে এবং রাত ১১টার মধ্যে সব দোকান বন্ধ করতে হবে।

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে ১৫ দিনব্যাপী আয়োজিত কার্যসূচীর অঙ্গ হিসেবে আজ বৃক্ষরোপন কার্যসূচী অনুষ্ঠিত হবে। এছাড়া আগামী ৬ই নভেম্বর

স্বাস্থ্য শিবির , ফিটনেস এন্ড সচেতনতা কার্যসূচী , অমৃত সরোবর, ১০ই নভেম্বর সাফাই অভিযান অনুষ্ঠিত হবে ।

উল্লেখ্য গতকাল জেলার চারটি শিক্ষা প্রতিষ্ঠানে সেমিনার , বিতর্ক ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে ।

রাজ্যের বিশিষ্ট বাণীবাদক দীপক শর্মা গতকাল চেন্নাই-এর একটি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । প্রয়াত দীপক শর্মার নশ্বর দেহ আজ গুয়াহাটীতে আনা হবে এবং সম্পন্ন রাজ্য মর্যাদায় শেষ কৃত্য সম্পন্ন হবে।

এবিষয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমমন্ত বিশ্ব শর্মা জানান যে - **বাইট**

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামীকাল আইরংমারা বাজারের রবীন্দ্র পাঠাগারে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।
